ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৬০০</u>
বিশালগড়, ৮ মে, ২০২৫

**বিশালগড়ে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায়
উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা জ্ঞাপন**

বিশালগড় নতুন টাউন হলে গতকাল বিধায়ক সুশান্ত দেব-এর উদ্যোগে উত্তরসূরী সম্মাননা তথা মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, ছাত্র-ছাত্রীরা হলো দেশের ভবিষ্যৎ। তারা সুনাগরিক হলে দেশের কল্যাণ হবে। তিনি ছাত্র-ছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যৎ এবং সফলতা কামনা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক সুশান্ত দেব বলেন, এধরনের অনুষ্ঠান ছাত্র সমাজের মনে অনুপ্রেরণা জোগাবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিশালগড় পঞ্চায়েত সমিতির শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি তপন দাস। অনুষ্ঠানে বিশালগড় মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মোট ১৬০০ ছাত্র-ছাত্রীকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অতশী দাস, বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্থ, সিপাহীজলা জেলার শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক, বিশালগড় মহকুমা বিদ্যালয় পরিদর্শক প্রদীপ দেববর্মা প্রমুখ।

*****